Web site এ প্রকাশ করা। AME(ICT RT&HD) 14/08/2018

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
আইন অধিশাখা

ঢাকা, ময়মনসিংহ, কুমিল্লা ও খুলনা জোনের মামলা সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি ঃ জনাব মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

তারিখ ঃ ২৬ জুলাই ২০১৮

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা

স্থান ঃ সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা এর সম্মেলন কক্ষ

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের ১০ (দশ)টি জোনের মধ্যে ঢাকা, ময়মনসিংহ, কুমিল্লা ও খুলনা জোনের পেন্ডিং মামলার সংখ্যা বেশি হওয়ায় তা নিষ্পত্তির বিষয়টি পর্যালোচনা করার জন্য অদ্যকার সভাটি আহবান করা হয়েছে। অতঃপর আলোচ্যসূচি অনুয়ায়ী সভার কার্যক্রম উপস্থাপন করার জন্য বলেন।

০২। নির্বাহী প্রকৌশলী, ঢাকা সড়ক বিভাগ সভাকে অবহিত করেন যে, ডাটাবেইজে ঢাকা সড়ক বিভাগের মামলার সংখ্যা ৩১৯টি আছে। কিন্তু কিছু মামলা নিষ্পত্তি হওয়ায় এবং কিছু মামলা ডাবল এন্ট্রি হওয়ায় সেগুলো বাদ দিয়ে বর্তমানে মামলার সংখ্যা দাঁড়িয়েছে ২৯৯টি।

০৩। নির্বাহী প্রকৌশলী, মুন্সিগঞ্জ সড়ক বিভাগ সভাকে অবহিত করেন যে, ডাটাবেইজে মুন্সিগঞ্জ সড়ক বিভাগের মামলার সংখ্যা ১০২টি আছে। বর্তমানে মামলার তথ্যাদি আপডেট করায় মামলার সংখ্যা দাঁড়িয়েছে ১১৭টি। নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সড়ক বিভাগ সভাকে অবহিত করেন যে, ডাটাবেইজে নারায়ণগঞ্জ সড়ক বিভাগের মামলার সংখ্যা ৮৪টি আছে। বর্তমানে মামলার তথ্যাদি আপডেট করায় মামলার সংখ্যা দাঁড়িয়েছে ৭৯টি। তিনি জানান বেইলি ব্রিজ ভেঙেঁ ফেলার কারণে ক্ষতিপূরণ দাবী করে দেওয়ানী আদালতে মামলা দায়েরের খরচ অত্যধিক। যে কারণে আলাদা বরাদ্দ থাকা আবশ্যক।

০৪। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ সড়ক বিভাগ সভাকে অবহিত করেন যে, ডাটাবেইজে মানিকগঞ্জ সড়ক বিভাগের মামলার সংখ্যা ৬৬টি আছে। বর্তমানে মামলার তথ্যাদি আপডেট করায় মামলার সংখ্যা দাঁড়িয়েছে ৪২টি। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ বাস টার্মিনালে সড়ক ও জনপথ অধিদপ্তরের জায়গায় জনৈক ব্যক্তি দোকান ঘর উত্তোলন করায় তিনি বাদী হয়ে ঐ ব্যক্তির বিরুদ্ধে দেওয়ানী আদালতে মামলা দায়ের করেন। উক্ত মামলায় আদালত চিরস্থায়ী নিষেধাজ্ঞা দেন। সভাপতি মামলাটিতে চিরস্থায়ী নিষেধাজ্ঞা থাকায় অবৈধ দোকান ঘর উচ্ছেদ করার জন্য এস্টেট ও আইন কর্মকর্তাকে নির্দেশ দেন।

০৫। নির্বাহী প্রকৌশলী, কিশোরগঞ্জ সড়ক বিভাগ সভাকে অবহিত করেন যে, ডাটাবেইজে কিশোরগঞ্জ সড়ক বিভাগের মামলার সংখ্যা ১০০টি, যা সঠিক আছে এবং নিয়মিত আপডেট করা হচ্ছে।

নির্বাহী প্রকৌশলী, টাঙ্গাইল সড়ক বিভাগ সভাকে অবহিত করেন যে, ডাটাবেইজে টাঙ্গাইল সড়ক বিভাগের মামলার সংখ্যা ১১২টি, যা সঠিক আছে এবং নিয়মিত আপডেট করা হচ্ছে।

০৬। নির্বাহী প্রকৌশলী, কুমিল্লা সড়ক বিভাগ সভাকে অবহিত করেন যে, ডাটাবেইজে কুমিল্লা সড়ক বিভাগের মামলার সংখ্যা ১০১টি আছে। কিন্তু বিভিন্ন মাসে ৫১টি মামলা নিষ্পত্তি হওয়ায় বর্তমানে মামলার সংখ্যা দাঁড়িয়েছে ৫০টি। এছাড়া খুলনা জোনের সকল সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ সভাকে অবহিত করেন যে, তারা তাদের ডাটাবেইজে মামলার তথ্যাদি আপডেট করেছেন/করছেন।

০৭। সভাপতি, মামলা কি কারণে হয়েছে তা ডাটাবেইজে উল্লেখ করার জন্য বলেন। নির্বাহী প্রকৌশলীগণ প্রতিমাসে ২৫-৩০ তারিখের মধ্যে নতুন মামলা ডাটাবেইজে এন্ট্রি করবেন এবং নিষ্পত্তিকৃত মামলা বাদ দিবেন। ঢাকা সড়ক বিভাগ ১৫ দিনের মধ্যে ডাটাবেইজে মামলার তথ্যাদি আপডেট করবেন। অবশিষ্ট সড়ক বিভাগ ৭ দিনের মধ্যে ডাটাবেইজে মামলার তথ্যাদি আপডেট করবেন। যেসব ক্ষেত্রে রেকর্ড সংশোধন এর প্রয়োজন আছে সেসব ক্ষেত্রে এস্টেট ও আইন কর্মকর্তাগণ উদ্যোগী হয়ে আদালতে মামলা করবেন। সকল জোনের সিএনজি/পেট্রোল পাম্পের মামলার তালিকা এস্টেট ও আইন কর্মকর্তার নিকট প্রেরণ করার জন্য নির্বাহী প্রকৌশলীদের নির্দেশ দেন। জাল দলিলের ক্ষেত্রে জালিয়াতির মামলা করতে হবে। নির্বাহী প্রকৌশলীগণ আদালতে মামলা ভিত্তিক জবাব দাখিল করেছেন কিনা তা এস্টেট ও আইন কর্মকর্তাগণ মনিটরিং করবেন এবং সকল মামলা ডাটাবেইজে আপডেটের বিষয়টি এস্টেট ও আইন কর্মকর্তাগণ নিশ্চিত করবেন।

০৮। সভাপতি, রীট মামলা, কনটেম্পট মামলা, বকেয়া মামলা এবং সার্টিফিকেট মামলা গুরুত্ব সহকারে তদারকি করার জন্য নির্বাহী প্রকৌশলীদের নির্দেশ দেন। দেওয়ানী মামলার বিষয়ে স্থানীয় আদালতে জিপি এর মাধ্যমে মামলা পরিচালনা করার জন্য নির্দেশ দেন। প্রত্যেক সড়ক বিভাগের মামলা ডাটাবেইজে এন্ট্রি করা এবং আদালতে মনিটরিং করার জন্য একজন সহকারী এবং উপবিভাগীয় প্রকৌশলীকে সুনির্দিষ্টভাবে দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ দেন। যথাসময়ে মামলা সংক্রান্ত তথ্যাদি/ডকুমেন্ট আইনজীবীদের নিকট সরবরাহ করার জন্য নির্দেশ দেন। সভাপতি, বেইলি ব্রিজের বিষয়ে দেওয়ানী আদালতে ক্ষতিপূরণের মামলা দায়ের করার জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীদের নির্দেশ দেন।

০৯। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) নির্বাহী প্রকৌশলীগণ প্রতিমাসের ২৫-৩০ তারিখের মধ্যে ডাটাবেইজে নতুন মামলা এন্ট্রি করবেন এবং নিষ্পত্তিকৃত মামলা বাদ দিয়ে মামলার তথ্যাদি আপডেট করবেন।

(খ) ডাটাবেইজে মামলার তথ্যাদি আপডেটের বিষয়টি সংশ্লিষ্ট এস্টেট ও আইন কর্মকর্তা মনিটরিং করবেন।

(গ) এস্টেট ও আইন কর্মকর্তা এবং নির্বাহী প্রকৌশলীগণ রীট মামলা, কনটেম্পট মামলা, বকেয়া মামলা এবং সার্টিফিকেট মামলাসমূহ গুরুত্ব সহকারে মনিটরিং করবেন ।

(ঘ) নির্বাহী প্রকৌশলীগণ ক্ষতিগ্রস্থ বেইলি ব্রিজের বিষয়ে দেওয়ানী আদালতে ক্ষতিপূরণের মামলা দায়ের করবেন।

(ঙ) ঢাকা সড়ক বিভাগ ১৫ দিনের মধ্যে ডাটাবেইজে মামলার তথ্যাদি আপডেট করবে। অবশিষ্ট সড়ক বিভাগ ৭ দিনের মধ্যে ডাটাবেইজে মামলার তথ্যাদি আপডেট করবে।

(চ) সড়ক ও জনপথ অধিদপ্তরে নিয়োজিত আইনজীবীদের মেয়াদ উত্তীর্ন হওয়ায় তা নবায়ন/নিয়োগ এর জন্য প্রধান প্রকৌশলী সড়ক ও জনপথ অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ছ) ক্ষতিপূরণ মামলা নম্বর উল্লেখ করত: মামলা দায়ের এর খরচের হিসাব প্রেরণের জন্য বিজ্ঞ সরকারি কৌশুলী মুন্সিগঞ্জ-কে পত্র দিতে হবে।

১০। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৫/০৮/২০১৮
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

নং-৩৫.০০.০০০০.০৩৭.০৪.০১৩.১৮-৩৮৪

তারিখঃ ২৮ শ্রাবণ ১৪২৫ / ১২ আগস্ট ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রধান প্রকৌশলী, সওজ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
২। অতিরিক্ত সচিব (আইন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ময়মনসিংহ জোন, ময়মনসিংহ
৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, কুমিল্লা জোন, কুমিল্লা
৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, খুলনা জোন, খুলনা
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন ও সংস্থাপন), সওজ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৮। এষ্টেট ও আইন কর্মকর্তা, হেডকোয়ার্টার, সওজ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৯। এষ্টেট ও আইন কর্মকর্তা, ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
১০। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১। নির্বাহী প্রকৌশলী, ... সড়ক বিভাগ,
১২। নির্বাহী আইন কর্মকর্তা, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৩। জনাব আল মাহমুদ প্রধান, প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২। অফিস কপি/মাস্টার ফাইল।

(মোঃ আজহারুল ইসলাম খান)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৮৪১২৭